

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
নগর উন্নয়ন অধিদপ্তর  
টাউন প্ল্যানিং শাখা  
www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৩.১৭.৫

তারিখ: ৫ শ্রাবণ ১৪২৭

২০ জুলাই ২০২০

বিষয়: “ঢাকা শহর সন্নিহিতবর্তী এলাকায় ১০ টি সরকারী মাধ্যমিক বিদ্যালয় স্থাপন” শীর্ষক প্রকল্পের আওতায় ঢাকা জেলার খিলক্ষেত থানাধীন জোয়ারসাহারা মৌজায় ০১টি সরকারী মাধ্যমিক বিদ্যালয় স্থাপনের লক্ষ্যে ২.০০ একর জমি অধিগ্রহণের নিমিত্ত অনাপত্তিপত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: ১। ঢাঃ শঃ সন্নিহিতবর্তী ১০ টি (সর:) মা: বিদ্যা: স্থাপন প্রকল্প/০৭/২০১৮/২৭৩; তারিখ: ১৪/১০/২০১৮ খ্রি:  
২। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৮২.১০.০১৪.১৮.৬২; তারিখ: ২১/০৬/২০২০ খ্রি:

উপরোক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা শহর সন্নিহিতবর্তী এলাকায় ১০ টি সরকারী মাধ্যমিক বিদ্যালয় স্থাপন” শীর্ষক প্রকল্পের আওতায় ঢাকা জেলার খিলক্ষেত থানাধীন জোয়ারসাহারা মৌজায় ০১টি সরকারী মাধ্যমিক বিদ্যালয় স্থাপনের লক্ষ্যে নিম্নলিখিত তফশিলভুক্ত ২.০০ (দুই) একর ভূমি অধিগ্রহণের জন্য অনাপত্তি পত্র প্রদানের জন্য অনুরোধ করা হয়।

জেলা	থানা	মৌজা	জে. এল. নং	আর এস. দাগ নং	সমতুল্য মহানগর দাগ নং (প্রত্যাশী সংস্থা কর্তৃক সরবরাহকৃত)	ড্যাপ অনুযায়ী ভূমি ব্যবহার	সরেজমিনে প্রাপ্ত ভূমি ব্যবহার
ঢাকা	খিলক্ষেত	জোয়ারসাহারা	০৬	৭৩৭৭	১৪০৮৭	Urban Residential Zone & Water Retention Area	বালু দ্বারা ভরাটকৃত জমি
ঢাকা	খিলক্ষেত	জোয়ারসাহারা	০৬	৭৩৬৮	১৬৩০৭	Urban Residential Zone & Water Retention Area	
ঢাকা	খিলক্ষেত	জোয়ারসাহারা	০৬	৭৩৬৯	১৪০৮৬	Urban Residential Zone	
ঢাকা	খিলক্ষেত	জোয়ারসাহারা	০৬	৭৩৬৬	১৪০৮৫	Urban Residential Zone & Water Retention Area	
ঢাকা	খিলক্ষেত	জোয়ারসাহারা	০৬	৭৩৭০	১৪০৮৫	Urban Residential Zone	
ঢাকা	খিলক্ষেত	জোয়ারসাহারা	০৬	৭৬০৬	১৪৬০৮	Urban Residential Zone & Water Retention Area	
ঢাকা	খিলক্ষেত	জোয়ারসাহারা	০৬	৭৬০৭	১৪০৮৭	Urban Residential Zone & Water Retention Area	
ঢাকা	খিলক্ষেত	জোয়ারসাহারা	০৬	৭৬০৫	১৪৬০৯	Urban Residential Zone & Water Retention Area	

Detailed Area Plan (DAP) পর্যালোচনায় দেখা যায় যে, চাহিতব্য জমির ভূমি ব্যবহার আর.এস. দাগ নং- ৭৩৬৯

ও ৭৩৭০ Urban Residential Zone হিসেবে বলা আছে এবং আর.এস. দাগ নং-৭৩৭৭, ৭৩৬৮, ৭৩৬৬, ৭৬০৬, ৭৬০৫, ৭৬০৭ আংশিক Urban Residential Zone এবং আংশিক Water Retention Area হিসেবে বলা আছে। DAP পর্যালোচনাপূর্বক দেখা যায় যে, Urban Residential Zone এ Permitted Landuse হিসেবে High School এর কথা বলা আছে এবং Water Retention Area সংরক্ষণ করার জন্য নির্দেশনা রয়েছে। সরেজমিনে পরিদর্শনে দেখা যায়, চাহিতব্য ভূমিটি বর্তমানে বালু দ্বারা ভরাটকৃত ও চারপাশে বাউন্ডারী ওয়াল দেয়া আছে। উল্লেখ্য, প্রস্তাবিত ভূমির ০৫টি দাগে (আর.এস দাগ নং-৭৩৭৭, ৭৩৬৯, ৭৬০৬, ৭৬০৭ এবং ৭৬০৫) কিছু জমি রাজউক এর ১০০ ফুট চওড়া খালে অন্তর্ভুক্ত এবং উক্ত খালের পাশে রাজউকের ৩০০ ফুট চওড়া রাস্তা বিদ্যমান। গেজেটভুক্ত DAP অনুসারে উক্ত ০৫ টি দাগের Water Retention Area এর অন্তর্ভুক্ত জমি সমূহ সংরক্ষিত থাকা দরকার।


এমতাবস্থায় যেহেতু খিলক্ষেতস্থ জোয়ার সাহারা মৌজায় দ্রুত নগরায়ন হচ্ছে সেহেতু প্রস্তাবিত জায়গায় মাধ্যমিক বিদ্যালয় স্থাপন করলে অত্র এলাকার সাধারণ জনগণ উপকৃত হবে। ফলশ্রুতিতে, বৃহত্তর জনস্বার্থে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক প্রদানকৃত স্মারক নং-২৫.৩৯.০০০০.০৩০.৩৬.০২৩.১৮-১০০১; তারিখঃ ১১/১১/২০১৮ এর পত্রের শর্তসমূহসহ অনুসরণসহ চাহিতব্য ভূমিটির ০৫ টি দাগের (আর.এস দাগ নং-৭৩৭৭, ৭৩৬৯, ৭৬০৬, ৭৬০৭ এবং ৭৬০৫ এর সমতুল্য মহানগর দাগ নং যথাক্রমে- ১৪০৮৭, ১৪০৮৬, ১৪৬০৮, ১৪০৮৭, ১৪৬০৯) Water Retention Area হিসাবে DAP এ চিহ্নিত অংশটুকু বাদে অন্যান্য দাগের উল্লেখিত জমিসমূহ নিম্নলিখিত শর্তপূরণ সাপেক্ষে অধিগ্রহণে অত্র দপ্তরের আপত্তি নাই। একই সঙ্গে নগর উন্নয়ন অধিদপ্তরের স্মারক নম্বর-২৫.৪৫.০০০০.০০০.৩০.০০৩.১৭-২১৭; তারিখ: ২৯/১১/২০১৮ খ্রি: পত্রটি বাতিল করা হ'ল।

### শর্তসমূহ:

১. প্রস্তাবিত স্কুলের সম্মুখভাগে রাজউকের অনাপত্তি পত্রে প্রস্তাবিত ৮০ ফুট রাস্তায় স্কুলের নিজস্ব জমি হতে রাস্তা বরাবর ১০ ফুট জায়গা স্কুল বাস বের জন্য সংরক্ষণ করতে হবে।
২. ভবিষ্যতে স্কুলে প্রচুর ছাত্রছাত্রী ও অভিভাবক সমাগম হবে বিবেচনায় প্রস্তাবিত ভবনসমূহের নীচতলা পার্কিং এর জন্য সংরক্ষিত রাখতে হবে।
৩. স্কুলের খেলার মাঠটি স্কুলের বিল্ডিং এর সম্মুখভাবে করতে হবে।
৪. স্কুলটি ৩০০ ফুট প্রশস্ত সড়কের পাশে অবস্থিত হওয়ায় শব্দের মাত্রা সহনীয় করার জন্য স্কুলে উঁচু প্রাচীর নির্মাণ করতে হবে।
৫. স্কুলের প্রাচীরের ভিতর চারপাশে প্ল্যান্টেশনের ব্যবস্থা রাখতে হবে।

### সংযুক্তি:

১. ভ্রমন প্রতিবেদন।
২. ড্যাপ পর্যালোচনা প্রতিবেদন।
৩. রিজিওনাল ম্যাপ।
৪. রাজউক কর্তৃক প্রেরিত অনাপত্তিপত্র।



২০-৭-২০২০

জনাব শাহীন আহম্মেদ

সিনিয়র প্ল্যানার

খালেদা আখতার, উপসচিব

উন্নয়ন-২ শাখা

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ


সচিবালয়, ঢাকা

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৩.১৭.৫/১(৭)

তারিখ: ৫ শ্রাবণ ১৪২৭  
২০ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) প্রকল্প পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ২য় ব্লক, ৭ম তলা, আব্দুল গণি রোড, ঢাকা
- ৩) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৪) সিনিয়র প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
- ৫) সিনিয়র প্ল্যানার, টাউন প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৬) সহকারী প্ল্যানার, টাউন প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৭) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



২০-৭-২০২০

মো: রাসেদুল ইসলাম  
সহকারী প্ল্যানার